

নাসের হোসেন

আবেশ

নিহিত অক্ষরগুলি জলের ভিতর থেকে ভেসে-ভেসে
ওঠে, বেশিক্ষণ থাকে না, তারপর ভেসে ওঠে
পরের পাতাটি, এত দ্রুত সবটা পড়ে ফেলা
অসম্ভব, কিছু কিছু পড়ি, যেটুকু পাই সেটাই
অনেক, অনেক মানে কী, সেটা হল অনেকদিন
ধরে আবিষ্কৃত থাকা, জলের ভিতরে যে জগত
সে-জগতে অন্য কিছু প্রতিক্রিয়া রচিত হয়ে
থাকে, রচিত হতে থাকে, যার পুরোপুরি আমাদের
বোধে নাও অনুদিত হতে পারে, পৃথিবীর সবকিছুই কি
প্রকৃত অনুদিত হয়ে পৌঁছেছে আমাদের কাছে
তা তো নয়, কেবল একটা আবেশ জাগে, অনুসন্ধান
জাগে, কেবল একটা আনন্দ জাগে, জীবিতের আনন্দ।

সংলাপ

সংলাপের আদানপ্রদান হয়ে চলেছে অহরহ
প্রতিটি জিনিসের মধ্যে, সে-বস্তু মানুষই হোক
আর জন্তুই হোক, ইঁট হোক আর বালিই হোক
বৃক্ষই হোক বা ঘাসই হোক, জল হোক
কিংবা আগুনই হোক, প্রতিটি জিনিসের মধ্যে
অহরহ বয়ে চলেছে নিরন্তর কথা, কত যে কথা।